



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার নং- ১১

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩
১১ মে ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি
ব্যাংক।

প্রিয় মহোদয়,

বাণিজ্যিকভাবে 'ই-ঋণ' (e-loan) প্রচলন প্রসঙ্গে

দেশের অর্থনৈতিক উন্নয়নের অগ্রযাত্রায় অন্তর্ভুক্তিকরণ ও টেকসই উন্নয়ন নিশ্চিতকল্পে আর্থিক সেবার বহুমুখীকরণে বাংলাদেশ ব্যাংক নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছে। সাম্প্রতিক সময়ে দেশে ইন্টারনেট ও মোবাইল নেটওয়ার্কের দ্রুত বিস্তারের কারণে ব্যাংকিং কার্যক্রমে ডিজিটাল ডিভাইসের ব্যবহার উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। প্রযুক্তির সহজলভ্যতার ফলে ডিজিটাল মাধ্যম ব্যবহার করে 'ই-ঋণ' (যেমন- ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল অ্যাপস, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস, ই-ওয়ালেট ইত্যাদি ব্যবহার করে তফসিলি ব্যাংক হতে ক্ষুদ্র ঋণ প্রদান) গ্রহণের চাহিদা ক্রমাগতভাবে বাড়ছে। এরূপ সেবার সহজলভ্যতা প্রান্তিক জনগোষ্ঠীকে ব্যাংকিং কার্যক্রমে অন্তর্ভুক্তিকরণ ও ডিজিটাল আর্থিক সেবা ব্যবহারে অভ্যস্ত করার মাধ্যমে ক্যাশলেস সমাজ বিনির্মাণে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের অগ্রযাত্রাকে আরও গতিশীল করতে 'ই-ঋণ' গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

২। এতদপ্রেক্ষিতে, তফসিলি ব্যাংক কর্তৃক নতুন সেবা হিসেবে 'ই-ঋণ' প্রচলনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা যাচ্ছে:

- নতুন সেবাটির নামকরণের ক্ষেত্রে 'ই-ঋণ' (e-loan) শব্দটি যুক্ত করতে হবে;
- একজন গ্রাহক একটি নির্দিষ্ট সময়ে ব্যাংক থেকে সর্বোচ্চ ৬৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার টাকা) 'ই-ঋণ' গ্রহণ করতে পারবে যার মেয়াদ হবে সর্বোচ্চ ১২ মাস;
- ই-ঋণের ক্ষেত্রে ব্যাংক বাজারভিত্তিক সুদহার নির্ধারণ করবে। তবে, বিআরপিডি সার্কুলার-১১/২০২২ এর আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গৃহীত হলে গ্রাহক পর্যায়ে ঋণটির সর্বোচ্চ সুদহার হবে ৯%;
- এ ঋণ সংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম End-to-End (ঋণ গ্রহীতা অনবোর্ডিং হতে শুরু করে ঋণ আদায় পর্যন্ত) ডিজিটাল পদ্ধতিতে সম্পাদন করতে হবে;
- ঋণ আবেদন, ঋণ মঞ্জুরীপত্র এবং চার্জ ডকুমেন্টসমূহে স্বাক্ষর (Wet signature) গ্রহণের পরিবর্তে ডিজিটাল মাধ্যমে সংগৃহীত বায়োমেট্রিক (Biometric) তথ্যের মাধ্যমে পরিচিতি নিশ্চিতকরত গ্রাহকের সম্মতি গ্রহণ করতে হবে এবং এ ঋণ প্রদানের সাথে সংশ্লিষ্ট বায়োমেট্রিক তথ্য কোনো তৃতীয় পক্ষ এজেন্ট সংরক্ষণ করতে পারবে না;
- এ সেবাটি প্রচলনের পূর্বে সফল পাইলটিং ও মাঠ পর্যায়ের অভিজ্ঞতার আলোকে প্রোডাক্ট প্রোগ্রাম গাইডলাইন্স (পিপিজি) প্রস্তুতপূর্বক ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে। বাণিজ্যিকভাবে ই-ঋণ প্রচলনের ১৫(পনের) কার্যদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ কে অবহিত (পাইলটিংয়ের মূল্যায়ন ও অনুমোদিত পিপিজি সহ) করতে হবে;
- সুদ হার, সুদ ব্যতীত প্রেসেসিং ফি, Early Settlement Fee (বা অন্য যে কোন নামেই অভিহিত হোক না কেন), ঋণ শ্রেণিকরণ, প্রতিশোধ, অবলোপন, পেনাল ইন্টারেস্ট/দণ্ডসুদ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিদ্যমান নীতিমালা ই-ঋণ এর ক্ষেত্রেও অনুসরণ করতে হবে;
- বিআরপিডি সার্কুলার নং-২৭/২০১০ পরিপালনপূর্বক সুদ হিসাবায়ন, প্রদর্শন ও প্রকাশনা করতে হবে;
- ঋণের বৈশিষ্ট্যাবলী (যেমন-ঋণের প্রকৃতি, বার্ষিক সুদহার, মেয়াদ, বিতরণ ও পরিশোধ পদ্ধতি ইত্যাদি) যথাযথভাবে গ্রাহককে অবহিতকরণপূর্বক তাদের সম্মতি নিতে হবে। এ সম্পর্কে গ্রাহক পর্যায়ে আর্থিক সচেতনতা বৃদ্ধিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

- এ) ই-ঋণ মঞ্জুরী করার ক্ষেত্রে এপিআই (Application Programming Interface-API) ভিত্তিক স্বয়ংক্রিয় সিআইবি সিস্টেম পূর্ণাঙ্গরূপে (২৪/৭) চালু না হওয়া পর্যন্ত তাৎক্ষণিকভাবে সিআইবি অনুসন্ধানের বাধ্যবাধকতা সাময়িকভাবে শিথিল থাকবে, তবে ঋণ অনুমোদন/বিতরণের পর অনতিবিলম্বে সিআইবি অনুসন্ধান প্রতিবেদন সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে;
- ট) কোনো খেলাপী ঋণ গ্রহীতা তথ্য গোপনপূর্বক ই-ঋণ গ্রহণ করে থাকলে সিআইবি অনুসন্ধান প্রতিবেদন বিরূপ পাওয়া মাত্র উক্ত ঋণ দ্রুততম সময়ের মধ্যে সমন্বয় করতে হবে;
- ঠ) ই-ঋণের ক্ষেত্রে সিআইবি অনুসন্ধান বাবদ ব্যাংক বা গ্রাহকের উপর চার্জ প্রযোজ্য হবে না;
- ড) ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ২৭কক ধারার বিধান মোতাবেক খেলাপী ঋণগ্রহীতার অনুকূলে ঋণ প্রদানে বিরত থাকার বিষয়ে ব্যাংক যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে। এক্ষেত্রে, ঋণ বিতরণের পূর্বে অন্যান্য ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি ও মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ইত্যাদি মাধ্যম হতে গৃহীত ঋণের (প্রযোজ্য ক্ষেত্রে) তথ্য সংগ্রহ করতে হবে;
- ঢ) গ্রাহক অনবোর্ডিং এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক অনুমোদিত প্ল্যাটফর্ম অথবা গ্রাহকের নিবন্ধনকৃত মোবাইল সিম ব্যবহার করতে হবে এবং ওটিপি (One Time Password-OTP) প্রেরণসহ Two-factor authentication (2FA)/ Multi-factor authentication (MFA) এর মাধ্যমে গ্রাহকের পরিচয় সম্পর্কে নিশ্চিত হতে হবে;
- ণ) আলোচ্য ই-ঋণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক ব্যতীত অন্য কোনো (তৃতীয় পক্ষ) প্রতিষ্ঠানের সম্পৃক্ততার ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-২/ ২০১৫ এর মাধ্যমে জারিকৃত আউটসোর্সিং বন্দোবস্ত সম্পর্কিত নির্দেশনা পরিপালন করতে হবে;
- ত) ক্লাউড কম্পিউটিং সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-৫/২০২৩ ও সাইবার সিকিউরিটি সংক্রান্ত বিআরপিডি-২ সার্কুলার নং-২/২০২৬ যথাযথ পরিপালনপূর্বক গ্রাহক/ঋণ সংক্রান্ত তথ্য বাংলাদেশের ভৌগলিক সীমারেখার অভ্যন্তরে অবস্থিত ডেটা ওয়্যারহাউজে সংরক্ষণ করতে হবে এবং তথ্য পাচার রোধে ব্যক্তিগত উপাত্ত সুরক্ষা আইন, ২০২৬; জাতীয় উপাত্ত ব্যবস্থাপনা আইন, ২০২৬ ও সাইবার সুরক্ষা আইন, ২০২৬ সহ সময় সময় বাংলাদেশ ব্যাংক ও সরকার কর্তৃক জারিকৃত বিধানাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে;
- থ) ঝুঁকি ব্যবস্থাপনা ও ঋণ বিতরণের নিয়মাচার, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় জারিকৃত বিধানাবলী ও দেশের প্রচলিত আইন যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- দ) আলোচ্য সেবা/পণ্যের আওতায় হিসাব খোলার ক্ষেত্রে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান নীতিমালা অনুসরণ করতে হবে;
- ধ) বিতরণকৃত ই-ঋণের তথ্য মাসিক ভিত্তিতে নির্ধারিত RIT টেমপ্লেটে বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগে এবং সংযুক্ত ছক (সংযোজনী-ক) মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিতভাবে এ বিভাগে প্রেরণ করতে হবে; এবং
- ন) ইতোপূর্বে এ বিভাগ হতে অনুমোদনকৃত ই-ঋণ এর শর্তসমূহ আলোচ্য সার্কুলার দ্বারা প্রতিস্থাপিত হবে।
- ৩। চূড়ান্তভাবে ই-ঋণ কার্যক্রম শুরুর পূর্বে আবশ্যিকভাবে ন্যূনতম ০৬ (ছয়) মাসের জন্য পাইলটিং কার্যক্রম সম্পাদন করতে হবে এবং ব্যাংক কর্তৃক উক্ত কার্যক্রমের যথাযথ মূল্যায়ন ও পাইলটিং কার্যক্রমের ইতিবাচক ফলাফল প্রাপ্তি সাপেক্ষে মাঠ পর্যায়ের প্রাপ্ত অভিজ্ঞতার আলোকে পিপিজি চূড়ান্তকরণপূর্বক সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে বাণিজ্যিকভাবে ই-ঋণ চালু করতে হবে।
- ৪। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারার আওতায় এ নির্দেশনা জারি করা হলো।
- ৫। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি-১)

ফোনঃ ৯৫৩০২৫২

Quarterly Statement for e-Loan

Name of Bank:

Quarter:

SL	Product Name	Date of Commercial Launch of the Product	Disbursed Amount (in BDT Crore)		Refinanced Amount (in BDT Crore)		Outstanding Amount (in BDT Crore)	Overdue Amount (in BDT Crore)	CL (%)
			Current Quarter	Cumulative (up to Quarter)	Current Quarter	Cumulative (up to Quarter)			
Total									